

॥ লা-তাহ্যান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সম্প্রকাশঃ ড. আয়িদ আল করনী

৭১. দৃঢ়খ্তি হবেন না- সুখের মূলনীতি

১. জেনে রাখুন আপনি যদি আজকের সীমার মধ্যে বসবাস না করেন, তবে আপনার চিন্তা-ভাবনা বিক্ষিপ্ত হয়ে যাবে, আপনার কাজ কর্ম তালগোল পাকিয়ে ফেলবে এবং আপনার দুশ্চিন্তা বেড়ে যাবে। একথাটি নিম্নোক্ত হাদীসটিকে ব্যাখ্যা করে-

“সকাল বেলা সন্ধ্যাকে দেখার আশা করিও না এবং সন্ধ্যাকালে সকালকে দেখার আশা করিও না।”

২. অতীত ও অতীতের সব ঘটনাকে ভুলে যান। গত জিনিসের চিন্তায় বিভোর হওয়া হলো নেহায়েত পাগলামি।

৩। ভবিষ্যৎ নিয়ে আগাম দুশ্চিন্তায় ভুগবেন না। কেননা, ভবিষ্যৎতো অজ্ঞাত ও অদৃশ্য জগতে আছে; এটা আগমন করার আগেই যেন এটা আপনাকে কষ্ট না দেয়।

৪. নিন্দা ও সমালোচনায় বিচলিত হবেন না; বরং শক্ত হোন আর জেনে রাখুন যে, আপনার যোগ্যতার মানানুসারেই সমালোচনার বাড় উঠে।

৫. আল্লাহর প্রতি ঈমান এবং আমলে সালেহ এ দু'টিই জীবনকে উত্তম ও সুখী করার মূল উপাদান।

৬. যে ব্যক্তিই শান্তি, প্রশান্তি ও সুখ চায় সে ব্যক্তিই এসব কিছু আল্লাহর জিকিরের মাঝে খুঁজে পেতে পারে।

৭. আপনার নিশ্চিতরূপে একথা জানা উচিত যে, যা কিছু ঘটে তা এক স্বর্গীয় বিধি অর্থাৎ তকদীর অনুসারেই ঘটে।

৮. অন্যের থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ পাওয়ার আশা করবেন না।

৯. সর্বাপেক্ষা শোচনীয় ঘটনার জন্য প্রস্তুত হতে নিজেকে তালিম, প্রশিক্ষণ বা ট্রেনিং দিন।

১০. যা ঘটেছে সম্ভবত তা আপনার জন্য সর্বাপেক্ষা উপকারী (যদিও আপনি বুঝতে পারে না যে, তা কীভাবে হলো)।

১১. মুসলমানের তকদীরে যা আছে তা তার জন্য কল্যাণকর।

১২. আল্লাহর অনুগ্রহ, করণা, দয়া ও নেয়ামতসমূহকে গণনা করার চেষ্টা করুন এবং সেগুলোর জন্য শুকরিয়া আদায় করুন।

১৩. অন্য অনেকের চেয়েও আপনি ভালো আছেন।

১৪. প্রতি মুভতেই (আল্লাহর) সাহায্য আসে।

১৫. সুখে-দুঃখে সর্বাবস্থায়ই দোয়া করা ও সালাত পড়া উচিত।

১৬. দুর্বিপাক আপনার মনকে শক্ত করবেই এবং আপনার দৃষ্টিভঙ্গীকে পালিয়ে দিবে।

১৭. অবশ্যই প্রতিটি দুঃখের পরেই সুখ আছে।
১৮. তুচ্ছ বিষয় যেন আপনার ধ্বংসের কারণ না হয়।
১৯. নিচয় আপনার প্রভু মহা ক্ষমাশীল।
২০. একদ্ব হবেন না, রাগাপ্তি হবেন না, রাগ করবেন না।
২১. জীবনে খাদ্য, পানি ও ছায়া (অর্থাৎ গৃহ) থাকলেই যথেষ্ট; সুতরাং অন্য কোন কিছুর অভাবে (অত্যন্ত) অস্থির ও উদ্বিগ্ন হবেন না।
২২. যে সব ক্ষতির আশঙ্কা করা হয় তার অধিকাংশই ঘটে না।
২৩. যারা দুর্দশাগ্রস্ত তাদের দিকে তাকিয়ে কৃতজ্ঞ হউন।
২৪. আল্লাহ যখন কোন জাতিকে ভালোবাসেন তখন তাদেরকে পরীক্ষা করেন।
২৫. আপনার বারবার সেসব দোয়া করা উচিত যেসব দোয়া নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে শিক্ষা দিয়েছেন।
২৬. উৎপাদনশীল কোন কাজে কঠোর পরিশ্রম করুন এবং আলস্যকে বা অলসতাকে দূরে নিক্ষেপ করুন।
২৭. গুজব ছড়াবেন না এবং গুজবে কান দিবেন না। অনিচ্ছা সত্ত্বেও কোন গুজব শুনে ফেললে তা বিশ্বাস করবেন না।
২৮. আপনার বিদ্যে ও প্রতিশোধ গ্রহণের চেষ্টা আপনার শক্তির চেয়ে আপনার স্বাস্থ্যের অনেক বেশি ক্ষতিকর।
২৯. আপনার যে সক্ষট, বালা মুসিবত, দুঃখ-কষ্ট ও অভাব-অন্টন হয় তাতে আপনার পাপের প্রায়শিক্তি হয় বা পাপ মার্জনা হয়।

❖ Source — <https://www.hadithbd.com/books/link/?id=7580>

১. হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন